

## বৃষ্টির নুপুর

বৃষ্টি পড়লেই বিষন্ন হয়ে ওঠে  
 বুকের মধ্যে মন;  
 মনে পড়তে চায় কিছু একটা মনে পড়তে চায়,  
 কি যে মনে পড়তে চায়--মনে করতে পারি না  
 একদম ।  
 বারান্দার গ্রীল ধরে দাঁড়িয়ে তাকাই দূরের ।  
 উদ্দেশে । সেই দূরও বেশিদূর যায় না  
 সামনের বাড়িদের উঁচু হয়ে দাঁড়ানোয় ।  
 আশেপাশের বাড়িদের ভিজে যাওয়া দেখি ।  
 বাতাসে জল ছিটকে ছিটকে লাগে আমার  
 অন্ধ অন্ধকারের গায় ।  
 মনে হয় দূরে কোথাও যেন টিলার নিয়মে  
 কবরের তলায় শুয়ে ভিজছে আপনজন ।  
 চারদিক আলোছাড়া হতে হতে ভিজে যাচ্ছে  
 ঘুমিয়ে যাচ্ছে একেবারে ।  
 আমি কিছু একটা মনে করতে চাই  
 কি যে মনে করতে চাই ---মনে করতে পারি না একদম ।

ফেরদৌস মাহসুদ

